# অভিভাবকদের জন্য সেফটি চেকলিস্ট

**Snapchatter-দের অভিভাবকদের জন্য সহায়ক পরামর্শ। আপনার কিশোর বয়সী সন্তানকে নিচের কথাগুলি মনে করিয়ে দিন:**

- ✔ **শুধুমাত্র পরিবার এবং বন্ধুদের সাথে যোগাযোগ করা।** বাস্তব জীবনে শুধুমাত্র তাদের পরিচিত ব্যক্তিদের বন্ধুত্বের আমন্ত্রণ জানানো এবং তাদের কাছ থেকেই আমন্ত্রণ স্বীকার করা।

- ✔ **একটি ইউজারনেম বেছে নেওয়ার ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করা।** এমন একটি ইউজারনেম বেছে নিন যাতে তাদের বয়স, জন্মতারিখ, ব্যক্তিগত তথ্য বা ইঙ্গিতপূর্ণ ভাষা অন্তর্ভুক্ত না থাকে। কিশোর বয়সী সন্তানের ইউজারনেমে কখনই বয়স বা জন্মতারিখের মতো ব্যক্তিগত তথ্য অন্তর্ভুক্ত করা উচিত নয়।

- ✔ **প্রকৃত বয়স জানিয়ে সাইন আপ করা।** একমাত্র সঠিক জন্মতারিখ উল্লেখ থাকলেই আপনার কিশোর বয়সী সন্তান আমাদের বয়স উপযুক্ত নিরাপত্তা সুরক্ষা থেকে উপকৃত হতে পারে।

- ✔ **অবস্থান শেয়ার করার আগে ডবল চেক করা।** আমাদের মানচিত্রে লোকেশন-শেয়ারিং ডিফল্টভাবে সকলের জন্য বন্ধ রাখা হয়েছে। যদি আপনার কিশোর বয়সী সন্তান এটি চালু করে, তাহলে এটি শুধুমাত্র তাদের বিশ্বস্ত বন্ধু এবং পরিবারের সাথেই ব্যবহার করা উচিত।

- ✔ **একজন বিশ্বস্ত প্রাপ্তবয়স্কের সাথে কথা বলা।** নিরাপত্তা এবং ভাল থাকার ব্যাপারে, ভুল প্রশ্ন বা কথোপকথন বলে কিছু নেই। আপনার কিশোর বয়সী সন্তানের কোনও কিছু সম্পর্কে উদ্বেগ থাকলে তাদের বিশ্বস্ত প্রাপ্তবয়স্কদের সাথে কথা বলতে বলুন।

- ✔ **অ্যাপ-মধ্যস্থ রিপোর্টিং ব্যবহার করা।** আপনার কিশোর বয়সী সন্তানের জানা উচিত যে রিপোর্টগুলি গোপনীয় – এবং পর্যালোচনার জন্য সরাসরি আমাদের 24/7 ট্রাস্ট এবং সেফটি টিমের কাছে যায়।

- ✔ **পাঠানোর আগে ভাবা।** অনলাইনে যে কোনও কিছু শেয়ার করার ক্ষেত্রেই, এমনকী পার্টনার বা ঘনিষ্ঠ বন্ধুও সঙ্গেও ব্যক্তিগত বা সংবেদনশীল ছবি এবং তথ্য অনুরোধ বা পাঠানোর সময় সতর্ক থাকা অত্যন্ত গুরত্বপূর্ণ।

- ✔ **Snapchat-এর ফ্যামিলি সেন্টারে যোগ দিন।** নিশ্চিত করুন যে আপনি এবং আপনার কিশোর বয়সী সন্তান আমাদের Snapchat ফ্যামিলি সেন্টারে সাইন আপ করেছেন যা অভিভাবকদের নিয়ন্ত্রণে সহায়তা করে, যেখানে আপনার কিশোর বয়সী সন্তান কোন কোন বন্ধুর সাথে কথা বলছে তা দেখতে পাবেন এবং কন্টেন্ট নিয়ন্ত্রণ সেট করতে পারবেন।